# বাংলাদেশ ইউনেস্কোর ৪৩তম সাধারণ সম্মেলনের সভাপতি নির্বাচিত




সংগৃহীত ছবি

বিশ্ব সাংস্কৃতিক সংস্থা ইউনেস্কোর ৪৩তম সাধারণ সম্মেলনের সভাপতি নির্বাচিত হয়েছে বাংলাদেশ। ভোটে জাপানকে হারিয়ে এই মর্যাদা অর্জন করেছে দেশটি, যা আন্তর্জাতিক অঙ্গনে এক বড় কূটনৈতিক ও সাংস্কৃতিক সাফল্য হিসেবে বিবেচিত হচ্ছে।

বাংলাদেশ ইতিহাস সৃষ্টি করেছে ইউনেস্কোর ৪৩তম সাধারণ সম্মেলনের সভাপতি নির্বাচিত হয়ে। অন্তর্বর্তী সরকারের সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকীর ফেসবুক পোস্ট অনুযায়ী, নির্বাচনে বাংলাদেশ ৩০-২৭ ভোটে জাপানকে পরাজিত করে এই গুরুত্বপূর্ণ পদ লাভ করে।

নির্বাচনের প্রাথমিক পর্যায়ে দক্ষিণ কোরিয়া ও ভারতও প্রার্থী ছিল, তবে শেষ মুহূর্তে তারা নিজেদের প্রার্থিতা প্রত্যাহার করে নেয়।

চলতি বছরের ৩০ অক্টোবর উজবেকিস্তানের সামারকান্দ শহরের সিল্ক রোড কনফারেন্স সেন্টারে ইউনেস্কোর সাধারণ সম্মেলনের ৪৩তম অধিবেশন শুরু হবে, যা চলবে ১৩ নভেম্বর পর্যন্ত।

LENS ASIA

এই অর্জনকে বাংলাদেশ শুধু কূটনৈতিক সাফল্য হিসেবেই নয়, বরং বিশ্ব সংস্কৃতি ও শিক্ষার অঙ্গনে দেশের ক্রমবর্ধমান ভূমিকার স্বীকৃতি হিসেবে দেখছে বিশেষজ্ঞরা।

ইউনেস্কোর সাধারণ সম্মেলন শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংক্রান্ত বৈশ্বিক নীতি নির্ধারণের অন্যতম গুরুত্বপূর্ণ মঞ্চ, যার সভাপতিত্বের দায়িত্ব পাওয়া একটি দেশের জন্য বিরল ও গৌরবজনক সম্মান।